

## **র** দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ সাজসজ্জা ও প্রসাধন রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বাড়িতে পাখি পোষা কি জায়েয়?

সৌন্দর্য ও বিলাসিতার জন্য পিঞ্জারা বা ঘরের মধ্যে আবদ্ধ রেখে পাখি পোষা, হওয বা পাত্রের মধ্যে পানি রেখে মাছ পোষা বৈধ, যদি সঠিকভাবে খেতে ও পান করতে দেওয়া হয় এবং কোন প্রকারে যুলুম না করা হয়। আল্লাহ্র রাসুল (সঃ) বলেন, "একজন মহিলা একটি বিড়ালের কারণে জাহান্নামে গেছে, যাকে সে বেঁধে রেখে খেতে দেয়নি এবং ছেড়েও দেয়নি; যাতে সে নিজে স্থলচর কীটপতঙ্গ ধরে খেত।" (বুখারী ২৩৬৫, ৩৪৮২, মুসলিম ২২৪২ নং)

বুঝা গেল, যদি তাকে খেতে দিত, তাহলে জাহান্নামে যেত না। (ইবনে বায)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1460

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন